
a book
by Shamim Islam
THE GREAT ORIGAMI

# The great origami

**Writer- Shamim Islam**

# The great Origami

**Writer- Shamim Islam**

**Founding period**
**October 2022**

**Price- 100 Taka or 2 Dollars**

**The great origami**
**Writer- Shamim Islam**
**Phone- 01912271250, 01967578817**
**E-mail – shamimrx60@gmail.com**

# রঙিন কাগজের খাম

**ধাপ ১:** খাম বানানোর জন্য প্রথমেই লাগবে A4 সাইজ এর পেপার।

**ধাপ ২:** এরপর পেপারটিকে দু-ভাঁজ করে নিতে হবে।

**ধাপ ৩:** এক সাইড মুড়িয়ে মাঝখানে আরেকটি ভাঁজ করতে হবে। খেয়াল রাখতে হবে এই সাইডটি যেন মাঝখানের ভাঁজ পর্যন্ত না আসে।

**ধাপ ৪:** অপর সাইডটি মুড়িয়ে এই সাইডের ভাঁজের দুই থেকে আড়াই সেন্টিমিটার উপর থেকে ভাঁজ করে নিতে হবে।

**ধাপ ৫:** এখানে বেশ কয়েকটি ভাঁজ পরবে। ভাঁজ গুলো খুব ভালোভাবে খেয়াল করতে হবে।

**ধাপ ৬:** এক সাইড দিয়ে ৩ সেন্টিমিটার পরিমাণ একটি ভাঁজ দিয়ে নিবে।

**ধাপ ৭:** এই  ভাঁজকে উপরের সাইডের সাথে মিলিয়ে নিতে হবে ঠিক এভাবে।

**ধাপ ৮:** তারপর এটি সোজা করে নিবো।

**ধাপ ৯:** একই ভাবে অপর সাইডেও করতে হবে।

**ধাপ ১০:** বাড়তি কাগজটি কেটে নিতে পারো। না কাটলেও চলবে কিন্তু কেটে নিলে দেখতে অনেক আকর্ষণীয় হবে।

**ধাপ ১১:** দুই সাইড আঠা দিয়ে লাগিয়ে নিতে হবে। এটি ভালোভাবে লাগার জন্য কিছু সময় অপেক্ষা করতে হবে।

**ধাপ ১২:** খামটিকে আকর্ষণীয় করার জন্য উপরে স্টিকার লাগিয়ে নিতে পারো বা আর্ট করতে পারো।

**ধাপ ১৩:** কোনো চিঠি বা ম্যাসেজ দেয়ার জন্য এই স্পেসটি ইউজ করবো।

**ধাপ ১৪:** তারপর কাগজটিকে তিনটি ভাঁজ দিতে হবে।

**ধাপ ১৫:** এখন কাগজটি এই স্পেসে রাখবে।

**ধাপ ১৬:** এভাবে খুব সহজেই রঙিন কাগজ দিয়ে খাম বানাতে পারি।।

# শুভেচ্ছা কার্ড (ফর স্পেশাল ডে)

**ধাপ ১:** প্রথমে শুভেচ্ছা কার্ড বানানোর জন্য লাগবে ৩০*২০ সেন্টিমিটার এক টুকরা একটি কাগজ।

**ধাপ ২:** কাগজটিকে দুই ভাঁজ করে নাও।

**ধাপ ৩:** ২৯*৯ সেন্টিমিটার ১ টুকরো সাদা কাগজ নাও।

**ধাপ ৪:** সাদা কাগজটি ভিতরে আঠা দিয়ে লাগিয়ে দাও।

**ধাপ ৫:** কাটার সুবিধার্থে কাগজের উপরে পেন্সিল দিয়ে দাগ দিয়ে নাও।

**ধাপ ৬:** কাঁচি দিয়ে দাগ অনুযায়ী কাগজটি কেটে নিবো।

**ধাপ ৭:** কেটে নেয়ার পর কালো কালার মার্কার পেন দিয়ে উপরে দাগ দিয়ে নাও।

**ধাপ ৮:** কার্ডটিকে সুন্দর ও আকর্ষণীয় করতে কার্ডের উপরে লাগিয়ে নিব।

**ধাপ ৯:** পূর্বের ভিডিওতে ফুল বানানো দেখানো হয়েছিলো।

**ধাপ ১০:** ফুলগুলো গান দিয়ে লাগিয়ে নিবে যেন পরবর্তিতে খুলে না যায়।

**ধাপ ১১:** তারপর কার্ডটি ডেকোরেশন করে নিবো।

**ধাপ ১২:** এবার কার্ডের ভিতরে নিজের ইচ্ছামতো ম্যাসেজ লিখতে পারো।

**ধাপ ১৩:** তৈরি হয়ে গেলো একটি শুভেচ্ছা কার্ড।



## কাগজ দিয়ে ফ্লাওয়ার স্টিক বানানোর উপায়

**ধাপ ০১:** প্রথমে ৭ * ২০ সে. মি./সেন্টিমিটার কাগজ নাও।

**ধাপ ০২:** কাগজটিকে একটি কাঠি দিয়ে রোলিং করে নাও।

**ধাপ ০৩:** এবার ফুল বানানোর জন্য ৭ * ২৯ সে. মি./সেন্টিমিটার কাগজ নিয়ে নাও।

**ধাপ ০৪:** কাগজটিকে দু'ভাঁজ করে টুকরো করে কেটে নাও।

**ধাপ ০৫:** এবার কাগজটিকে খুলে উল্টিয়ে আঠা দিয়ে লাগিয়ে নাও।

**ধাপ ০৬:** এরপর টুকরো কাগজটিকে সবুজ কাঠিটির উপর লাগিয়ে নাও। একটু বাঁকা করে নিবে যেন মুড়িয়ে নিলে কাগজটি নিচের দিকে চলে আসে।

**ধাপ ০৭:** এবার ফুলটিতে পাতা লাগিয়ে নাও। এভাবে আমরা কাগজ দিয়ে রুম ডেকোরেশনের জন্য ফ্লাওয়ার স্টিক বানাতে পারি।



# কীভাবে কাগজ দিয়ে প্রজাপতি বানানো যায়

**ধাপ ০১:** প্রজাপতি বানাতে প্রথমে নিয়ে নাও ১৫ * ১৫ সে. মি./সেন্টিমিটার এক টুকরো রঙিন কাগজ।

**ধাপ ০২:** যত বড় প্রজাপতি বানাতে চাও সেই সাইজ অনুযায়ী কাগজ নিতে হবে।

**ধাপ ০৩:** কাগজটির দু'পাশেই কোনাকুনিভাবে দু'টি ভাঁজ দিতে হবে।

**ধাপ ০৪:** তারপর উল্টিয়ে সোজাভাবে আরো দু'টি ভাঁজ দিতে হবে।

**ধাপ ০৫:** দেখবে অটোম্যাটিক ভাঁজ চলে এসেছে।

**ধাপ ০৬:** কাগজের দুই কর্নারে ধরলে আরো একটি ভাঁজ চলে আসবে।

**ধাপ ০৭:** কাগজটি ভালোভাবে ভাঁজ দিতে পারলে এখানে আরো কয়েকটি ভাঁজ অটোম্যাটিক চলে আসবে।

**ধাপ ০৮:** ৪ টুকরো কাগজ দেখতে পাবে। এটা গোল করে কেটে নাও।

**ধাপ ০৯:** এক টুকরো কাগজ তুলে সোজা করে ভাঁজ দিয়ে দাও।

**ধাপ ১০:** অপর সাইডেও একই কাজ করতে হবে। ত্রিভুজাকৃতির কাগজ দেখতে পাবে।

**ধাপ ১১:** এটা নিচের দিক দিয়ে ঘুরিয়ে সামনে একটু বাড়তি করে নিতে হবে যেন সামনে একটি ভাঁজ দিতে পারো।

**ধাপ ১২:** সামনের ভাঁজটি প্রজাপতিটিকে আটকে রাখতে সাহায্য করবে।

**ধাপ ১৩:** এভাবে খুব সহজে তাড়াতাড়ি প্রজাপতি বানাতে পারো।



## ঘর সাজানোর জন্য মিনি কুইলিং ফ্লাওয়ার পট

**ধাপ ০১:** প্রথমেই কুইলিং স্ট্রিপ নিতে হবে।

**ধাপ ০২:** স্ট্রিপগুলোকে আঠা দিয়ে জোড়া লাগিয়ে কুইলিং করে নাও।

**ধাপ ০৩:** এবার কুইলিং করা পেপারটিকে এভাবে ফ্লাওয়ার পট বানিয়ে নাও।

**ধাপ ০৪:** ভিতরে আঠা লাগিয়ে নাও যেন খুলে না যায়।

**ধাপ ০৫:** ফ্লাওয়ার পটে রাখার জন্য ফ্লাওয়ার বানিয়ে নাও।

**ধাপ ০৬:** ফ্লাওয়ার বানানোর জন্য ৫ * ৫ সেন্টিমিটার পেপার নিয়ে নাও।

**ধাপ ০৭:** এবার রোলিং করে কাঠি বানানোর জন্য যেকোনো সাইজের এক টুকরো সবুজ কাগজ নিতে হবে।

**ধাপ ০৮:** এরপর পাতা বানিয়ে নাও।

**ধাপ ০৯:** ফুলটিকে কাঠির উপর লাগিয়ে পাতা লাগিয়ে নাও।

**ধাপ ১০:** এবার আঠা দিয়ে ফুলটিকে পটের ভিতরে লাগিয়ে দাও।

**ধাপ ১১:** এভাবে মিনি পেপার কুইলিং ফ্লাওয়ার পট বানিয়ে রুম ডেকোরেশন করতে পারো।



## কিভাবে কাগজ দিয়ে পাখি বানানো যায়

**ধাপ ০১:** পাখি বানানোর জন্য ২০*২০ সে.মি. সাইজের ১ টুকরো কাগজ নাও।

**ধাপ ০২:** কাগজটিকে কোনাকুনি দু'দিক থেকেই ভাঁজ দাও।

**ধাপ ০৩:** এই সাইডের কাগজটিকে মাঝের দাগের সাথে মিলিয়ে আর একটি ভাঁজ দাও।

**ধাপ ০৪:** দুপাশেই এভাবে ভাঁজ দিতে হবে তাহলে এই সাইড দিয়ে আরেকটি ভাঁজ চলে আসবে।

**ধাপ ০৫:** একপাশে ৩ টি পার্ট হবে আর একপাশে ১ টি।

**ধাপ ০৬:** যেপাশে একটি পার্ট রয়েছে সেই পার্টটিকে মুড়িয়ে আরেকটি ভাঁজ দাও।

**ধাপ ০৭:** এপাশে এক কোনা তুলে এই দাগ বরাবর আরেকটি ভাঁজ দাও।

**ধাপ ০৮:** দুপাশে দুটি ভাঁজ হবে, মাঝখানে একটি।

**ধাপ ০৯:** মাঝখানের ভাঁজটি এভাবে তুলে নিলেই দুইপাশ দিয়ে ভাঁজ তৈরি হয়ে আসবে ।

**ধাপ ১০:** ভাঁজগুলো ভালোভাবে খেয়াল করতে হবে।

**ধাপ ১১:** একই কাজটি অন্যপাশেও করে নাও।

**ধাপ ১২:** এখানে দুটি পার্ট হবে।

**ধাপ ১৩:** এবার ঠোঁট বানানোর জন্য একটি ভাঁজ দিতে হবে ভাঁজটি যেন সোজা না হয়।

**ধাপ ১৪:** এই পার্ট দুটি পাখার জন্য ব্যবহার করতে হবে। আর পিছনেরটি লেজ এর জন্য।

**ধাপ ১৫:** এই ভাঁজটি নিচে নামিয়ে উপরে উঠিয়ে নিতে হবে।

**ধাপ ১৬:** এবার চোখ আর্ট করে নিতে হবে।

**ধাপ ১৭:** এভাবে বাচ্চাদের খেলার জন্য পাখি বানাতে পারো।



# কীভাবে পেপার কুইলিং করে ঝুড়ি বানানো যায়

**ধাপ ১:** ঝুড়ি বানানোর জন্য একটি হার্ড পেপার নিতে হবে।

**ধাপ ২:** পেন্সিল কম্পাস দিয়ে গোল করে ১০ সেন্টিমিটার দাগ দিয়ে নাও।

**ধাপ ৩:** এবার শেইপ অনুযায়ী কাঁচি দিয়ে কেটে নাও।

**ধাপ ৪:** এরপর পেপার কুইলিং করার জন্য  ১ * ২৯ সেন্টিমিটার ৩ টি স্ট্রিপ নিতে হবে।

**ধাপ ৫:** স্ট্রিপ ৩টি কে আঠা দিয়ে জোড়া লাগিয়ে কুইলিং করে নাও।

**ধাপ ৬:** ঝুড়ি বানানোর জন্য তিনটি কালার পেপার নাও।

**ধাপ ৭:** এবার কুইলিং করা পেপারগুলো হার্ড পেপার এর উপরে আঠা দিয়ে লাগিয়ে দাও।

**ধাপ ৮:** কুইলিং করা পেপারগুলো লাগানো হয়ে গেলে ঝুড়িতে হ্যান্ডেল লাগিয়ে নাও।

**ধাপ ৯:** হ্যান্ডেলের জন্য  ১ * ২৩ সেন্টিমিটার পেপার নিতে হবে।

**ধাপ ১০:** এটি ভিতর থেকে লাগিয়ে নাও।

**ধাপ ১১:** ঝুড়ি রেডি।



## কিভাবে পেপার কুইলিং করে ঝুড়ি বানানো যায়

**ধাপ ১:** ঝুড়ি বানানোর জন্য একটি হার্ড পেপার নিতে হবে।

**ধাপ ২:** পেন্সিল কম্পাস দিয়ে গোল করে ১০ সেন্টিমিটার দাগ দিয়ে নাও।

**ধাপ ৩:** এবার শেইপ অনুযায়ী কাচি দিয়ে কেটে নাও।

**ধাপ ৪:** এরপর পেপার কুইলিং করার জন্য ১ * ২৯ সেন্টিমিটার ৩ টি স্ট্রিপ নিতে হবে।

**ধাপ ৫:** স্ট্রিপ ৩ টি কে আঠা দিয়ে জোড়া লাগিয়ে কুইলিং করে নাও।

**ধাপ ৬:** ঝুড়ি বানানোর জন্য তিনটি কালার পেপার নাও।

**ধাপ ৭:** এবার কুইলিং করা পেপারগুলো হার্ডপেপার এর উপরে আঠা দিয়ে লাগিয়ে দাও।

**ধাপ ৮:** কুইলিং করা পেপারগুলো লাগানো হয়ে গেলে ঝুড়িতে হ্যান্ডেল লাগিয়ে নাও।

**ধাপ ৯:** হ্যান্ডেলের জন্য ১ * ২৩ সেন্টিমিটার পেপার নিতে হবে

**ধাপ ১০:** এটি ভিতর থেকে লাগিয়ে নাও।

**ধাপ ১১:** ঝুড়ি রেডি।



# কাগজের চশমা বানানোর উপায়

**ধাপ ০১:** চশমা বানানোর জন্য নাও ৬*২৯ সে.মি. পেপার।

**ধাপ ০২:** পেপারটিকে কাঠি দিয়ে রোলিং করে নাও।

**ধাপ ০৩:** এরকম আরো একটি কাঠি লাগবে যেটি কাঠি টিকে একটু ভাঁজ করে নিতে হবে।

**ধাপ ০৪:** সাইজটি দেখে নাও।

**ধাপ ০৫:** এরপর আঠা দিয়ে লাগিয়ে নাও।

**ধাপ ০৬:** এবার একটুকরো রোলিং করা পেপার দিয়ে দুটোকেই একসাথে জোড়া লাগিয়ে দাও।

**ধাপ ০৭:** এরপর দুটি কাঠি চশমার দুপাশে লাগিয়ে নাও।

**ধাপ ০৮:** এভাবে তোমরা বাচ্চাদের খেলনা চশমা বানাতে পারো।



## কাগজের ফ্লাওয়ার ভেস বানানোর সহজ পদ্ধতি

**ধাপ ০১:** ফ্লাওয়ার ভেস বানানোর জন্য ৪০ * ২০ সে. মি./সেন্টিমিটার কালার আর্ট পেপার নাও।

**ধাপ ০২:** ৫ সেন্টিমিটার দাগ দিয়ে দাগ অনুযায়ী কাগজটি কেটে নিবো।

**ধাপ ০৩:** ক্রস করা অংশটুকু কেটে নাও।

**ধাপ ০৪:** কাটা পেপারটি সাইডে এভাবে জিগজ্যাগভাবে ভাঁজ করে নাও।

**ধাপ ০৫:** আঠা লাগিয়ে নাও যেন খুলে না যায়।

**ধাপ ০৬:** দুই সাইডের বাড়তি পেপার দু'টিকে একসাথে জোড়া লাগিয়ে নাও।

**ধাপ ০৭:** অপর পাশে বাড়তি পেপারটিকে ভাঁজ দিয়ে ছোট করে কেটে নিতে হবে।

**ধাপ ০৮:** পেপারটিকে রোলিং করে আঠা দিয়ে লাগিয়ে নাও।

**ধাপ ০৯:** নিচের কাটা পেপারগুলোকে আঠা দিয়ে লাগিয়ে নাও।

**ধাপ ১০:** এখানে একটি ফুল লাগিয়ে নাও। তাহলে ফুলদানিটি দেখতে আরো সুন্দর লাগবে।

**ধাপ ১১:** আমাদের ফ্লাওয়ার ভেস রেডি।





## কাগজের শপিং ব্যাগ

**ধাপ ০১:** প্রথমে একটি A4 সাইজের পেপার নিতে হবে।

**ধাপ ০২:** পেপারটি দুপাশ থেকে ভাঁজ দিয়ে একটি পেপার হাফ সে.মি. উপরে আরেকটি পেপার রাখতে হবে।

**ধাপ ০৩:** এরপর কাগজটি আঠা দিয়ে জোড়া লাগিয়ে নিতে হবে।

**ধাপ ০৪:** আঠাটি ভালোভাবে লাগার জন্য কিছুক্ষন অপেক্ষা করতে হবে। ভালোভাবে না লাগতেই যদি আমরা পরের স্টেপ এ যাই তাহলে আঠা খুলে যাবে।

**ধাপ ০৫:** আঠা ভালোভাবে লেগে যাওয়ার পর নিচ থেকে ৬ সে.মি. এ ভাঁজ দিতে হবে।

**ধাপ ০৬:** দুই সাইড থেকে এভাবে চাপ দিয়ে কাগজ টিকে বসিয়ে নিতে হবে।

**ধাপ ০৭:** এখানে ভাঁজগুলো ভালোভাবে খেয়াল করি।

**ধাপ ০৮:** এরপর দুই সাইড থেকে দুই কর্নার মিলিয়ে ভাঁজ দিতে হবে।

**ধাপ ০৯:** এবার ভাঁজগুলো খুলে নিবো।

**ধাপ ১০:** ব্যাগটি বেশ লম্বা মনে হলে সামনে একটু কেটে দিতে পারো।

**ধাপ ১১:** এই কাগজ দুটো হ্যান্ডেল হিসেবে ইউজ করার জন্য লাগিয়ে নাও।

**ধাপ ১২:** শপিং ব্যাগ রেডি।



## কাগজের ফুল দিয়ে ওয়াল হ্যাঙ্গিং বানানোর উপায়

**ধাপ ০১:** ওয়াল হ্যাঙ্গিং বানানোর জন্য একটি হার্ডপেপার নাও।

**ধাপ ০২:** এর উপর একটি সাদা কাগজ লাগিয়ে নাও।

**ধাপ ০৩:** বাড়তি কাগজটুকু কেটে ফেলো।

**ধাপ ০৪:** এবার ঠিক এরকম একটি ফুল বানাতে হবে।

**ধাপ ০৫:** ফুল বানানোর জন্য ১০ * ১০ সে. মি./সেন্টিমিটার সাইজের এক টুকড়া কাগজ লাগবে।

**ধাপ ০৬:** কাগজটিকে এভাবে ভাঁজ দিয়ে কেটে ফুল বানাতে হবে।

**ধাপ ০৭:** পাপড়িগুলোকে ভাঁজ করে নিতে হবে।

**ধাপ ০৮:** এরকম আরো দুটি ফুল লাগবে।

**ধাপ ০৯:** এখানে একটি পাপড়ি কেটে ফুলের সাইজ একটু ছোট করে নিতে হবে।

**ধাপ ১০:** ফুলগুলো আঠা দিয়ে লাগিয়ে নিবো।

**ধাপ ১১:** এবার ২ * ২৯ সে. মি./সেন্টিমিটার দুই টুকরা কালো কাগজ নিয়ে কাগজটিকে দু ভাঁজ করে টুকরো করে কেটে নিতে হবে।

**ধাপ ১২:** পেপার দুটোকে একসাথে রোলিং করে নিতে হবে।

**ধাপ ১৩:** ২.৫ * ১৩ সে. মি./সেন্টিমিটার এক টুকরো কাগজ নাও।

**ধাপ ১৪:** কাগজটিকে এভাবে কেটে রোলিং করা কালো কাগজনটির উপরে লাগিয়ে দাও।

**ধাপ ১৫:** তারপর এটি ফুলের উপর আঠা দিয়ে লাগিয়ে নাও।

**ধাপ ১৬:** এবার ৯ * ২০ সে. মি./সেন্টিমিটার পেপার নাও রোলিং করে কাঠি বানানোর জন্য।

**ধাপ ১৭:** কাঠিগুলো হার্ড পেপারটির উপর লাগিয়ে নাও।

**ধাপ ১৮:** তারপর ফুলগুলো বসিয়ে দাও।

**ধাপ ১৯:** এবার পাতা বানিয়ে সেগুলো সেম ভাবে লাগিয়ে নিতে হবে।

**ধাপ ২০:** কয়েক টুকরা সবুজ কাগজ কেটে এভাবে নিচে লাগিয়ে দাও।

**ধাপ ২১:** এভাবে ওয়াল হ্যাঙ্গিং বানিয়ে রুম ডেকোরেশন করে ফেলো।

# কাগজের কলমদানি

**ধাপ ০১:** পেন হোল্ডার বানাতে প্রথমে নাও ১৫ * ১৫ সে. মি./সেন্টিমিটার এক টুকরো কাগজ।

**ধাপ ০২:** কাগজটিকে কয়েকটি ভাঁজে ভাঁজ করতে হবে।

**ধাপ ০৩:** প্রথমে কোনাকুনি ভাবে দুটি ভাঁজ দিয়ে দাও।

**ধাপ ০৪:** এভাবে সোজাভাবে আরো দুটি ভাঁজ দিবে।

**ধাপ ০৫:** উপরের এক দাগের সমান করে ত্রিভুজাকৃতি ভাবে দুটি ভাঁজ দিতে হবে।

**ধাপ ০৬:** এখানে প্রতিটা ভাঁজ অনেক ইম্পর্ট্যান্ট। ভালোভাবে খেয়াল করতে হবে।

**ধাপ ০৮:** এরপর কাগজটি উল্টিয়ে নিয়ে নিচের বাড়তি কাগজটি মুড়িয়ে মাঝখানের ভাঁজের সাথে মিলিয়ে নিতে হবে।

**ধাপ ০৯:** এখানে প্রতিটা ভাঁজ সঠিক ভাবে দিলে একটির পর আরেকটি ভাঁজ অটোমেটিক চলে আসবে।

**ধাপ ১০:** এরপর কাগজটি দুই সাইড থেকে সমান ভাবে মাঝখান অব্দি ভাঁজ করে নিতে হবে।

**ধাপ ১১:** একটি পার্ট আরেকটি পার্টের ভাঁজের ভিতর ঢুকিয়ে নিতে হবে।

**ধাপ ১২:** এরপর এক টুকরো গোলাপি কালার পেপার ব্যবহার করো যেন দেখতে অনেক সুন্দর লাগে।

**ধাপ ১৩:** একটি পেন হোল্ডার বানাতে এরকম শেইপ এর ৬ টি কাগজ লাগবে। সবগুলো পার্টকে একসাথে আঠা দিয়ে জোড়া লাগিয়ে নাও।

**ধাপ ১৪:** এটা ভালোভাবে লাগার জন্য ৫ মিনিট অপেক্ষা করতে হবে।

**ধাপ ১৫:** আঠা টি ভালোভাবে লাগার পর নিচে একটি পেপার বা কার্ডবোর্ড লাগিয়ে নাও।

**ধাপ ১৬:** এখন আমরা এখানে আমাদের প্রয়োজনীয় ছোট জিনিস রাখতে পারি। এভাবে আমরা কাগজ দিয়ে পেন হোল্ডার বানাতে পারি।

## কাগজের সোফা বানানোর উপায়

**ধাপ ০১:** সোফা বানানোর জন্য নিয়ে নাও ১ টুকরো ১৫ * ১৫ সে. মি./সেন্টিমিটার রঙিন কাগজ।

**ধাপ ০২:** এখানে সোফা বানানোর জন্য বেশ কয়েকটি ভাঁজ দিতে হবে।

**ধাপ ০৩:** ভাঁজগুলো খুব ভালোভাবে খেয়াল করতে হবে। একটি ভাঁজ এড়িয়ে গেলে পরের ভাঁজগুলো আর মিলবে না।

**ধাপ ০৪:** এভাবে দু'টি বক্স বানিয়ে নিতে হবে।

**ধাপ ০৫:** গোলাপি রঙের কাগজটি আমরা ৯ * ৯ সে. মি./সেন্টিমিটার মাপে কেটে নিব।

**ধাপ ০৬:** এখানে কাজের স্টেপগুলো একটু ভালোভাবে খেয়াল করো।

**ধাপ ০৭:** এখন দু'পাশে কাগজ লাগানোর জন্য ৪ * ৬ সে. মি./সেন্টিমিটার কাগজ কেটে নাও।

**ধাপ ০৮:** কাগজ দু'টো দু'পাশে লাগিয়ে নাও।

**ধাপ ০৯:** সোফা রেডি। এখন সোফাকে আকর্ষণীয় করার জন্য বালিশ বানাতে হবে।

**ধাপ ১০:** বালিশের জন্য ৪ * ৬ সে. মি./সেন্টিমিটার কাগজ কেটে নাও।

**ধাপ ১১:** বালিশ বানানোর স্টেপগুলো খেয়াল করি।

**ধাপ ১২:** বালিশ বানানো শেষ। এভাবে আমরা সোফা বানাতে পারি।



# মিনি নোটপ্যাড

**ধাপ ০১:** মিনি নোটবুক বানানোর জন্য প্রথমেই লাগবে একটি ৭*৩৬ সেন্টিমিটার হোয়াইট কালার পেপার।

**ধাপ ২:** এরপর পেপার টিকে ভাঁজ করে নিতে হবে।

**ধাপ ৩:** নোটপ্যাড বানাতে গেলে এরকম আরো দুটি পেপার লাগবে।

**ধাপ ৪:** পেপারগুলো আঠা দিয়ে জোড়া লাগাতে হবে।

**ধাপ ৫:** এবার এটির উপরে কভার লাগিয়ে নিতে হবে।

**ধাপ ৬:** এটিকে সুন্দর ও আকর্ষনীয় করার জন্য উপরে আর্ট করে নিতে পারো।

**ধাপ ৭:** রেডি হয়ে গেলো নোটবুক।



# কীভাবে কাগজ দিয়ে ফটো ফ্রেম বানানো যায়

**ধাপ ১:** ফটো ফ্রেম বানানোর জন্য প্রথমে নাও ৭ * ২০ সেন্টিমিটার ব্ল্যাক কালার পেপার।

**ধাপ ২:** পেপারটি ব্যাম্বু স্টিক দিয়ে রোলিং করে স্টিক বানিয়ে ফেলো।

**ধাপ ৩:** ফটো ফ্রেম বানানোর জন্য এরকম ১৫ টি কাঠি নাও।

**ধাপ ৪:** কাঠিগুলো সমান করে কেটে নাও।

**ধাপ ৫:** এবার একটি হোয়াইট কালার পেপার নিয়ে নাও ফটো ব্যাকগ্রাউন্ড এর জন্য।

**ধাপ ৬:** পেপারটি কাঠির সাইজে কেটে নাও।

**ধাপ ৭:** ৪টি কাঠিকে আঠা দিয়ে লাগাও।

**ধাপ ৮:** এরকম সবগুলো কাঠিকেই ৪ টি করে একসাথে জোড়া লাগিয়ে দাও।

**ধাপ ৯:** জোড়া লাগানো কাঠিগুলোকে পেপার এর চারপাশে লাগিয়ে দাও।

**ধাপ ১০:** নিচে একটি হার্ড পেপার লাগিয়ে নাও যেন এটি হাল্কা না হয়।

**ধাপ ১১:** এখন ফুল লাগিয়ে দাও।

**ধাপ ১২:** ফ্রেমটিকে ডেকোরেশনের জন্য ওয়াসি টেপ লাগিয়ে নিতে পারো।

**ধাপ ১৩:** ফটো ফ্রেম বানানো শেষ। এখন এখানে ফটো লাগাতে পারো।



## পেপার কুইলিং ওয়ালমেট

**ধাপ ১:** ওয়ালমেট বানাতে গেলে প্রথমেই লাগবে হোয়াইট পেপার।

**ধাপ ২:** হোয়াইট পেপার এর সাথে একটি হার্ড পেপার নিতে হবে।

**ধাপ ৩:** পেপার দুটো আঠা দিয়ে জোড়া লাগিয়ে নিতে হবে।

**ধাপ ৪:** পেপারের চারপাশে কুইলিং স্ট্রিপ দিয়ে বর্ডার বানিয়ে নিতে হবে।

**ধাপ ৫:** এরপর পেপার কুইলিং করে ফুল বানিয়ে নিতে হবে।

**ধাপ ৬:** কুইলিং ফ্লাওয়ার বানাতে গেলে ৫ টি কুইলিং স্ট্রিপ লাগবে।

**ধাপ ৭:** একেকটি স্ট্রিপ আলাদা আলাদা ভাবে মুড়িয়ে নিতে হবে।

**ধাপ ৮:** বাকি চারটি স্ট্রিপ দিয়েও একইভাবে পাপড়ি বানিয়ে নিতে হবে।

**ধাপ ৯:** এবার পাপড়িগুলোকে আঠা দিয়ে জোড়া লাগিয়ে ফুল বানিয়ে নাও।

**ধাপ ১০:** ভালোভাবে জোড়া লাগার জন্য কিছুক্ষণ অপেক্ষা করতে হবে।

**ধাপ ১১:** এরকম আরো ৫টি ফুল বানিয়ে ফেলো।

**ধাপ ১২:** এবার ফুলগুলো এর উপর আঠা দিয়ে লাগিয়ে নিতে হবে।

**ধাপ ১৩:** তারপর এখানে কিছু সবুজ কালার স্ট্রিপ অ্যাড করতে হবে।

**ধাপ ১৪:** স্ট্রিপগুলো আঠা দিয়ে লাগিয়ে নাও।

**ধাপ ১৫:** এরপর পেপার কুইলিং করে পাতা বানাতে হবে।

**ধাপ ১৬:** এরকম কয়েকটি পাতা নিয়ে নাও।

**ধাপ ১৭:** এগুলো ওয়ালমেট এর উপর লাগাতে হবে।

**ধাপ ১৮:** এভাবে পেপার কুইলিং করে ওয়ালমেট বানিয়ে ওয়াল ডেকোরেশন করতে পারো।

# কাগজ দিয়ে বুকমার্ক বানানোর উপায়

**ধাপ ০১:** বুকমার্ক বানানোর জন্য ১০ * ১০ সে. মি./সেন্টিমিটার এক টুকরো কাগজ নিয়ে নাও।

**ধাপ ০২:** কাগজটি কোনাকুনিভাবে ভাঁজ দিয়ে নাও।

**ধাপ ০৩:** এখানে একটি মিডেল পয়েন্ট হয়েছে। পয়েন্টটি পেন্সিল দিয়ে মার্ক করে নিচের কাগজটির কোনটি মিডেল পয়েন্ট এর সাথে মিলিয়ে নাও।

**ধাপ ০৪:** এবার দুই কর্ণার মাঝের দাগের সাথে মিলিয়ে ভাঁজ দিয়ে নাও।

**ধাপ ০৫:** এটিকে সুন্দর দেখানোর জন্য উপরে আর্ট করে নিতে পারো।

**ধাপ ০৬:** এবার এটি বইয়ে রাখলে যেন সহজেই মার্ক করতে পারো এ জন্য দু পাশে দুটি কাগজ লাগিয়ে নাও। পড়া শেষে বুক মার্ক দিয়ে মার্ক করে রাখবো যেন খুঁজতে অসুবিধা না হয়।



# গিফট বক্স

**ধাপ ১:** প্রথমে নিয়ে নাও ১০*১০ সেন্টিমিটার এক টুকরা কাগজ।

**ধাপ ২:** এরপর কাগজটিকে কয়েকটি ভাঁজে ভাগ করে নাও।

**ধাপ ৩:** ভাঁজ গুলোকে খুব ভালোভাবে মনে রাখতে হবে।

**ধাপ ৪:** এরকম ৮ পিস পেপার নিয়ে নাও।

**ধাপ ৫:** পেপার গুলোকে আঠা দিয়ে জোড়া লাগিয়ে নাও।

**ধাপ ৬:** এখানে অটোমেটিক কতগুলো ভাঁজ চলে আসবে।

**ধাপ ৭:** ভাঁজ অনুযায়ী সাজিয়ে নাও পেপারগুলো।

**ধাপ ৮:** এবার বাড়তি পেপারগুলোকে নিচ দিক দিয়ে এভাবে ভাঁজ দিয়ে নাও।

**ধাপ ৯:** এরকম সেম সাইজের আরেকটি বক্স বানিয়ে ফেলো।

**ধাপ ১০:** এবার বক্স দুটো একটি আরেকটির সাথে লাগিয়ে দাও।

**ধাপ ১১:** এভাবে খুব সহজে রঙিন কাগজ দিয়ে গিফট বক্স বানিয়ে নিতে পারো।



# কাগজের ফুল (ফর রুম ডেকোরেশন)

**ধাপ ০১:** ফুল বানানোর জন্য যেকোনো সাইজের পেপার নিতে পারো। পেপারের সাইজ ডিপেন্ড করবে কোন সাইজের ফুল বানাতে চাও তার উপর।

**ধাপ ০২:** পেপারটিকে কোনাকুনি ভাবে ৩টি ভাঁজ দিয়ে নিতে হবে।

**ধাপ ০৩:** পাপড়ির শেপ সুন্দর হওার জন্য পেন্সিল দিয়ে দাগ দিয়ে নিতে হবে।

**ধাপ ০৪:** তারপর দাগ অনুযায়ী কাঁচি দিয়ে কেটে নিতে হবে।

**ধাপ ০৫:** এই কাগজটি দিয়েও সেম ভাবে ফুল বানিয়ে নিবে।

**ধাপ ০৬:** কাঁচি দিয়ে পাপড়ি গুলো এভাবে মুড়িয়ে দাও।

**ধাপ ০৭:** ফুলটি নীল ফুলের উপর আঠা দিয়ে লাগিয়ে নিবে।

**ধাপ ০৮:** ফুলটি যেন সুন্দর দেখায় এ জন্য সাদা কাগজ গোল করে কেটে মাঝখানে লাগিয়ে দাও।

**ধাপ ০৯:** সবুজ কালার পেপার দিয়ে পাতা বানিয়ে নাও।

**ধাপ ১০:** যেকোনো সাইজের কাগজ নিলেও চলবে। স্পেসিফিক কোনো মাপ লাগবেনা।

**ধাপ ১১:** এরপর এক টুকরা কাগজ রোলিং করে কাঠি বানিয়ে নাও।

**ধাপ ১২:** কাঠিটির উপর ফুলটি আঠা দিয়ে লাগিয়ে নাও।

**ধাপ ১৩:** এরপর পাতা লাগিয়ে নাও।

**ধাপ ১৪:** ফুল বানানো শেষ। এটি ফ্লাওয়ার ভেস এ রেখে রুম ডেকোরেশনের কাজে ব্যবহার করতে পারো।

# THE GREAT ORIGAMI

Shamim Islam



The Great Origami
Shamim Islam
Cover- Shamim
Prize-100 Taka/2 Dollar
shamimrx60@gmail.com

